



জয়পুরহাটে ছেলের হাতে বাবার মর্মান্তিক মৃত্যু



ছবি: সংগৃহীত

জয়পুরহাটে মোটরসাইকেল কেনা নিয়ে পারিবারিক দ্বন্দ্বের জেরে ছেলের হাতে পিতা নিহত হয়েছেন। শনিবার (১৪ মার্চ) সন্ধ্যায় কালাই উপজেলার পুনট ইউনিয়নের বফলগাড়ী গ্রামে ঘটনাটি ঘটে।

স্থানীয় সূত্র জানায়, ছেলে গোলাপ হোসেন আলু বিক্রির অর্থ দিয়ে একটি মোটরসাইকেল কিনে দেওয়ার জন্য তার পিতা আক্বাস আলীর কাছে দাবি জানান। কিন্তু পিতা এতে রাজি না হলে তাদের মধ্যে তর্কাতর্কি শুরু হয়। একপর্যায়ে গোলাপ হোসেন ক্ষিপ্ত হয়ে ধারালো বটি, লাঠি ও কাঠের বাটাম দিয়ে আক্বাস আলীর ওপর হামলা চালান। গুরুতর আঘাতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

এ সময় পরিস্থিতি থামাতে এগিয়ে এলে গোলাপের মা ও বোনও হামলার শিকার হন।

পরে স্থানীয়রা আহতদের উদ্ধার করে শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে এবং অভিযুক্ত গোলাপ হোসেনকে আটক করে।

পুলিশ জানিয়েছে, এ ঘটনায় এখনো কোনো মামলা দায়ের হয়নি।